এবেলা ডাক পড়েছে কোন্‌খানে
ফাগুনের ক্লান্ত ক্ষণের শেষ গানে।
সেখানে স্তব্ধ বীণার তারে তারে সুরের খেলা ডুবসাঁতারে—
সেখানে চোখ মেলে যার পাই নে দেখা
তাহারে মন জানে গো, মন জানে ॥
এবেলা মন যেতে চায় কোন্‌খানে
নিরালায় লুপ্ত পথের সন্ধানে।
সেখানে মিলনদিনের ভোলা হাসি লুকিয়ে বাজায় করুণ বাঁশি,
সেখানে যে কথাটি হয় না বলা সে কথা রয় কানে গো, রয় কানে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Style: Bibhas-Baul
Visit www.geetabitan.com for notation and other detail